19 AUG 2016

দৈনিক
আমাদের সময়

# শিক্ষার্থীদের আন্দোলনে উত্তাল জগন্নাথ

লতিফুল ইসলাম, জবি ●
নতুন আবাসিক হল নির্মাণ ও এক্ষেত্রে সম্প্রতি পুরান ঢাকা থেকে সরিয়ে নেওয়া কারাগারের জমির দাবিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষার্থীদের আন্দোলনের উত্তাপ বাড়ছে। গতকাল বৃহস্পতিবার ছাত্র, ধর্মঘট কেন্দ্র করে শিক্ষার্থীদের আন্দোলনে ক্যাম্পাস ও আশপাশের ভিক্টোরিয়া পার্ক, লক্ষ্মীবাজার, রায়সাহেববাজার এলাকায় উত্তেজনা বিরাজ করে।

প্রত্যক্ষদর্শীরা জানান, আবাসিক হল নির্মাণের দাবিতে ১ আগস্ট থেকে টানা আন্দোলনে নামেন বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা। গতকাল আন্দোলনের ১৮তম দিনে সর্বাত্মক ছাত্র ধর্মঘটের ডাক দেন আন্দোলনকারীরা। পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী, সকাল ৮টা থেকে ক্লাস ও পরীক্ষা বর্জন করে শিক্ষার্থীরা মূল ফটকসহ তিনটি ফটকে তালা লাগিয়ে দেন। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনসহ প্রতিটি অনুষদ ও বিভাগে তালা ঝুলিয়েছেন। এ সময় শিক্ষকরা ক্যাম্পাসে প্রবেশ করতে পারলেও কোনো শিক্ষার্থী প্রবেশ করতে পারেননি। ছাত্র ধর্মঘটের কারণে সদরঘাট থেকে রায়সাহেববাজারের মোড় পর্যন্ত পুরো রাস্তা অচল হয়ে পড়ে। এর প্রভাবে আশপাশের সড়কগুলোতেও দেখা দিয়েছে তীব্র যানজট। গতকাল বিভিন্ন বিভাগের ফাইনাল পরীক্ষা হওয়ার কথা থাকলেও এরপর পৃষ্ঠা ৭, কলাম ৪

## শিক্ষার্থীদের আন্দোলনে

(শেষ পৃষ্ঠার পর) শিক্ষার্থীরা একযোগে পরীক্ষা ও ক্লাস বর্জন করে আন্দোলনে যোগ দেন। আবাসিক হলের দাবিতে শিক্ষার্থীরা ক্যাম্পাসের আশপাশে দফায় দফায় বিক্ষোভ মিছিল করেন। এ সময় ছাত্রদের খোলা বুক ও পিঠে বিভিন্ন স্লোগান শোভা পায়। অপ্রীতিকর ঘটনা এড়াতে বিশ্ববিদ্যালয় এবং এর আশপাশ এলাকায় গতকাল বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন ছিল। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. নূর মোহাম্মদ গতকাল আমাদের সময়কে বলেন, শিক্ষার্থীদের হল আন্দোলন যৌক্তিক দাবি, তবে ক্লাস-পরীক্ষা বর্জন করে নয়। যদি কোনো শিক্ষার্থী আন্দোলনের নামে বিশৃঙ্খলা করে, তার দায়দায়িত্ব প্রশাসন নেবে না বলেও জানান তিনি।